

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

শেরে বাংলা সড়ক, ঝিনাইদহ।

সভাপতির

# বার্ষিক প্রতিবেদন-২০২৪

## আসসালামু আলাইকুম।

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বার্ষিক সাধারণ সভা-২০২৪ অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত আজকের সভার সম্মানিত ঝিনাইদহ জেলার ব্যবসায়ী ও শিল্পপতিদের প্রাণপ্রিয় সংগঠন ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সদস্য ও সদস্যাবৃন্দ, পরিচালনা পর্ষদের সম্মানিত কর্মকর্তা ও পরিচালক বৃন্দ, চেম্বারের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, সরকারের বিভিন্ন প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, উপস্থিত আছেন সম্মানিত রাজনৈতিক নেতৃবৃন্দ। অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য উপস্থিত হয়েছেন আজকের অনুষ্ঠানের বিশেষ অতিথি বিসিক শিল্প মালিক সমিতি'র প্রধান উদেষ্টা ও জেলা বিএনপির সম্মানিত সভাপতি এ্যাড. আলহাজ্ব এম এ মজিদ, উপস্থিত হয়েছেন আজকের অনুষ্ঠানের মধ্যমণি ও প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান মহোদয়সহ সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন ।

## সম্মানিত আজকের পরিষদবৃন্দ :

সবার শুরুতেই স্মরণ করছি ১৯৭১ ইং সালের মহান মুক্তিযুদ্ধে যারা শহীদ হয়েছেন তাদের আত্নার মাগফিরাত কামনাসহ সেই সকল সদস্যবৃন্দের যারা গত সভার পর আজ পর্যন্ত আমাদের থেকে চির বিদায় নিয়েছেন তাদের আত্নার মাগফিরাত ও শান্তি কামনা করছি। এছাড়াও গত ১৬ই জুলাই হতে ৫ই আগস্ট ২০২৪ পর্যন্ত বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে প্রায় এক হাজার ছয়শত ছাত্র-জনতা শহীদ হয়েছেন সে সকল দেশপ্রেমিক শহীদের প্রতি শ্রদ্ধা ও মাগফেরাত কামনা করছি। বৈষম্য বিরোধী আন্দোলনে যারা আহত পঙ্গুত্ববরণ করে এখনো চিকিৎসাধীন রয়েছেন তাদের আশুরোগ মুক্তি কামনা করছি।

## সম্মানিত সদস্যবৃন্দ :

আপনারা জানেন ২০২৪- ২০২৬ মেয়াদে নির্বাচনে আপনারা আমাদেরকে চেম্বারের দায়িত্বভার অর্পণ করেছিলেন। আমাদের পরিচালনা পর্ষদ সাধ্যমত ব্যবসায়ীদের সেবা ও উন্নয়নে কাজ করার চেষ্টা করেছি। যেটুকু সফলতা তা আপনাদের এবং ব্যর্থতা হয়ে থাকলে তা আমাদের পরিষদের ও আমার।

১৯৮৬ সালে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার ৩৮ বছর পর এই প্রথম ২০২৪ সালের পয়লা জুন ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র নির্বাচনে আপনাদের বিপুল অংশগ্রহন ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে আমাদের প্যানেলের ১৯ জনের মধ্যে ১৮ জন সরাসরি আপনাদের মূল্যবান ভোট দিয়ে বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করায় আপনাদের নিকট আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। সাথে সাথে সকল ভোটার ভাই-বোনদেরকে শুভেচ্ছা ও মোবারকবাদ জানাচ্ছি।

## সুপ্রিয় সদস্যবৃন্দ :

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির দি-বার্ষিক ২০২৪ -২০২৬ নির্বাচনকে সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসক, পুলিশ সুপার, নির্বাচনী আপিল বোর্ড, নির্বাচনী পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ অক্লান্ত পরিশ্রম করেছেন তাদেরকে জানাই অন্তরের অন্তস্থল থেকে কৃতজ্ঞতা। জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক জনাব রথীন্দ্রনাথ রায়, জেলার ম্যাজিস্ট্রেট বৃন্দ, জেলা পুলিশ প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, সার্বক্ষণিক পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থেকে সহযোগিতা দেওয়ার জন্য ইলেক্ট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থী ও ভোটারবৃন্দকে আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আজকের এই সাধারণ সভায় সকলের সাথে মিলিত হতে পেরে আমি আনন্দিত ও উচ্ছ্বসিত। আমি ব্যক্তিগতভাবে ও পরিচালনা পর্ষদের পক্ষ থেকে সবাইকে জানাই সুস্বাগতম।